## Bengali/ বাংলা
# তথ্য বিবরণী ২ । ন্যাশনাল ডিসএবিলিটি ইন্স্যুরেন্স স্কীম বলতে কি বোঝানো হয়?

**বিভিন্ন ভাষাভাষী এবং সংস্কৃতির অন্তর্ভুক্ত সম্প্রদায়ের জন্যে আম্পারো এড্ভোকেসি (AMPARO Advocacy) কর্তৃক ন্যাশনাল ডিসএবিলিটি ইন্স্যুরেন্স স্কীমের ব্যাপারে এই অনূদিত তথ্য বিবরণীটি প্রকাশিত হয়েছে।**

**ন্যাশনাল ডিসএবিলিটি ইন্স্যুরেন্স স্কীমকে এনডিআইএস (NDIS**) বলা হয়ে থাকে এবং এটি অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তিদের তাদের চাহিদা অনুযায়ী সেবা প্রদানের অভিনব একটি পন্থা। সেবাটি বিনামূল্যে পাওয়া যাবে এবং সেবার ধরন অস্ট্রেলিয়ার সর্বত্র একই রকম হবে। ২০১৯ সাল নাগাদ এটি সমগ্র দেশে এবং ২০১৬ সালে কুইন্সল্যান্ডে চালু হবে। অক্ষম/ বিকলাঙ্গদের মধ্যে যারা এই সেবা প্রক্রিয়ার অধীনে এনডিআইএস (NDIS) হতে সেবা গ্রহন করবে, তাদেরকে পার্টিসিপেন্ট (Participant) বলা হবে।

## নির্বাচিত হওয়ার যোগ্যতা
এনডিআইএস (NDIS) অস্ট্রেলিয়াতে বসবাস করছেন এমন অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তিদের জন্য এবং -

- এনডিআইএস (NDIS) এর সাথে প্রথম সাক্ষাতের সময় যাদের বয়স ৬৫ বছরের চেয়ে কম।
- অস্ট্রেলিয়ার নাগরিক বা স্থায়ী বাসিন্দা বা নিউজিলেন্ডের নাগরিক যিনি বিশেষ বিভাগের সুরক্ষিত ভিসা বহন করছেন।
- এমন কোনও অক্ষমতা / বিকলাঙ্গতা যা সেরে উঠার মতো নয়, ‘জীবনকাল স্থায়ী হয়’ এবং দৈনন্দিন কর্মকাণ্ডে অংশগ্রহনের ক্ষমতাকে এটি প্রভাবিত করে।

যারা এই সেবা প্রক্রিয়ার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন না, এনডিআইএস (NDIS) তাদের জন্য অন্যান্য উপযোগী সেবা সন্ধান করে সমন্বয় করে দিতে পারে।



## সেবা নির্বাচন এবং নিয়ন্ত্রনের ক্ষমতা
অতীতে, বিকলাঙ্গ/ অক্ষমতাসম্পন্ন অনেকেই সমাজ জীবন থেকে নিজেকে বিচ্ছিন্ন মনে করতেন এবং সেবার ধরনাদি কি রকমের হবে তা নির্বাচনের খুবই অল্প সুযোগ ছিল।
এনডিআইএস (NDIS) অংশগ্রহণকারী পার্টিসিপেন্টরা কি রকমের সেবা পাবেন এবং কিভাবে পাবেন তা বাছাই করার সিদ্ধান্ত নিতে পারবেন।

## পরিমিত এবং অপরিহার্য সমর্থন
এনডিআইএস (NDIS) আপনার পরিমিত এবং অপরিহার্য সমর্থনের জন্য খরচাদি দিতে পারে। তার মানে কোনও ব্যক্তির অক্ষমতার সাথে সংশ্লিষ্ট, সুস্থ জীবন-যাপনের জন্য অপরিহার্য, সমাজের কার্যক্রমে অংশগ্রহনে সহায়ক এবং তাদের লক্ষ্যে পৌছাতে প্রয়োজনীয় সমর্থন দিতে পারে – এসবই পাবেন। আপনার অক্ষমতা/ বিকলাঙ্গতার ব্যাপারে সহায়ক এরকম প্রয়োজনীয় সমস্ত সহায়তা আপনি এনডিআইএস (NDIS) এর পক্ষ থেকে পাবেন।



**সম্প্রদায়ের সামাজিক এবং অর্থনৈতিক জীবনে অন্তর্ভুক্তির করানোর জন্য এনডিআইএস (NDIS) সমর্থন দিয়ে থাকে।** এর মধ্যে আছে – অন্যদের সাথে সম্পর্ক গড়ে তুলতে এবং অনুভব করতে – পরিবার এবং বন্ধুদের সাথে একত্রে থাকতে।

- কমিউনিটিতে অংশগ্রহণ এবং সামাজিক কার্যক্রমে যোগদান – বিনোদন সংশ্লিষ্ট কার্যক্রমসমুহ।
- বিদ্যালয়ে যাওয়া, পড়াশুনা বা প্রশিক্ষণ নেওয়া – টিএএফই (TAFE) বা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করা।
- দৈনন্দিন কার্যাদি – যেমন কোনও সিদ্ধান্ত নেয়া, বিল পরিশোধ করা এবং সমস্যা সমাধান করা।

- যোগাযোগ – যেমন যোগাযোগ করতে পারা এবং অন্যকে বুঝতে পারা।
- গতিশীলতা – যেমন গৃহস্থালির ভীতর আর কমিউনিটিতে ঘোরাফিরা করতে পারা, অথবা এসব করতে সহায়ক এরকম সরঞ্জমাদির আর সহায়তার নাগাল পাওয়া।
- নিজের যত্নআত্তি এবং বিশেষ স্বাস্থ্য সেবার প্রয়োজন – যেমন গোসলে সাহায্য, পোশাক পরিধান এবং খাবার খাওয়ানো।
- বাসার কাজ – যেমন খাবারের প্রস্তুত করা এবং বাড়ী পরিস্কার করা।
- কর্মসংস্থান – যেমন কাজ খোঁজা বা চাকরিতে টিকে থাকা।

## যে সমস্ত খরচাদি এনডিআইএস (NDIS) তহবিল হতে দেয়া হবে না

এনডিআইএস (NDIS) তহবিল হতে কোনও খরচাদি দেয়া হবে না যা –

- যা ঐ ব্যক্তির অক্ষমতার সাথে সংশ্লিষ্ট নয়।
- প্রতিদিনের জীবনযাত্রার খরচ যা কিনা ঐ ব্যক্তির অক্ষমতার প্রয়োজনের সহায়ক হিসেবে আবশ্যক নয়।
- যে সমস্ত খরচ অন্য কোনও সংস্থা দ্বারা অর্থায়ন করা উচিত, যেমন – শিক্ষা, চিকিৎসা বা হাউসিং সংক্রান্ত।
- যেখানে পার্টিসিপেন্ট/অংশগ্রহণকারী বা অন্যদের ক্ষতির সম্ভাবনা থাকে।



## শিশুদের অক্ষমতা/বিকলাঙ্গতা

এছাড়াও এনডিআইএস (NDIS) একটি শিশুর অক্ষমতা/ বিকলাঙ্গতার ব্যাপারে প্রাথমিক সমর্থনে পেতে সাহায্য করতে পারে। প্রারম্ভিক সমর্থন আপনার সন্তান আর পরিবারের অক্ষমতা/ বিকলাঙ্গতার দীর্ঘমেয়াদী প্রভাব কমাতে সাহায্য করতে পারে। এনডিআইএস (NDIS) একে “প্রাথমিক হস্তক্ষেপ”/“Early intervention” বলে।

## পূর্ব-পরিকল্পনা

মানুষ তাদের জীবনকে কিভাবে পরিচালনা করতে চায় এবং সে অনুযায়ী কি রকমের সাহায্যের দরকার পরতে পারে তা নিয়ে এখন থেকেই চিন্তা ভাবনা শুরু করতে পারে। ভবিষ্যতে আপনার প্রয়োজন মেটাতে এবং জীবনের লক্ষ্য পূরণ করতে কি রকম সমর্থনের দরকার তা নিয়ে ভেবে দেখতে পারেন।

## আপনি যোগ্য কিনা তা কিভাবে জানবেন

এনডিআইএস (NDIS) এর নিম্নলিখিত ওয়েবসাইটে এনডিআইএস চেকলিস্টে পূরণের মাধ্যমে আপনি এনডিআইএস (NDIS) এর সাহায্য পাওয়ার যোগ্য কিনা জানতে পারবেন। http://www.ndis.gov.au/ndis-access-checklist

আপনার অক্ষমতা/বিকলাঙ্গতার সমর্থনের ব্যাপারে সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য আপনার প্রয়োজনের ব্যাপারে এনডিআইএস (NDIS) এর নানা তথ্যের প্রয়োজন হবে। আপনাকে হয়তো কোনও ফর্ম পূরণ করতে বলা হতে পারে অথবা ফোনে অন্য কারো সাথে কথা বলার মাধ্যমে আপনার অক্ষমতা/ বিকলাঙ্গতার ব্যাপারে তথ্য চাওয়া হতে পারে। আপনার বয়স এবং নাগরিকত্ব বা অস্ট্রেলিয়াতে বসবাসের ব্যাপারে তথ্য চাইবে। যেসব দস্তাবেজ বা তথ্যাদির প্রয়োজন (যেমন- অক্ষমতা/ বিকলাঙ্গতার প্রমানাদি, রেসিডেন্সি, বয়স ইত্যাদি) সবই এনডিআইএস এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

**বর্তমানে যদি আপনার অক্ষমতা/বিকলাঙ্গতার জন্য সমর্থন পাচ্ছেন এরকম হয়ে থাকে,** সেবাপ্রদানকারি প্রতিষ্ঠানটি তার প্রয়োজনীয় পরিষেবার ব্যাপারে এনডিআইএস (NDIS) কে অবহিত করতে পারে।
**বর্তমানে যদি আপনার অক্ষমতা/বিকলাঙ্গতার জন্য কোনও সমর্থন না পেয়ে থাকেন,** সেক্ষেত্রে এনডিআইএস (NDIS) কে আপনার প্রয়োজনের ব্যাপারে অবহিত করতে হবে। এনডিআইএস (NDIS) আপনার এলাকাতে আসলে যোগাযোগ করতে পারেন। তারা কখন আপনার এলাকাতে আসবে তা অনুসন্ধানের জন্য www.ndis.gov.au ওয়েবসাইটে খোঁজ করুন।

## এনডিআইএস (NDIS) এর সাথে কাজ করা

আপনার তথ্যাদি সংগ্রহের পরে এনডিআইএস (NDIS) আপনার সাথে যোগাযোগ করবে এবং তারা সাহায্য প্রদান করতে পারবে কিনা তা জানিয়ে দিবে। যদি এনডিআইএস (NDIS) থেকে আপনি সহায়তা পেতে পারেন, আপনার চাহিদা এবং লক্ষ্য বোঝার জন্য তারা আপনার সাথে কথা বলবে, বর্তমানে আপনার কি রকম সহায়তা আছে আর তারা কি রকম সমর্থন করতে পারবে তা জানাবে। আপনার প্রথম পরিকল্পনাটি এনডিআইএস (NDIS) আপনার সাথে মিলে একত্রে করবে।

এই পরিকল্পনাটির প্রস্তুতিতে সাহায্য করার জন্য আপনি অন্যান্য ব্যক্তিদেরকে আমন্ত্রন করতে পারেন এবং কথোপকথনের জন্য দরকার হলে আপনি একজন দোভাষী বা যে কোনও কিছু অনুবাদ করে দেওয়ার জন্য বলতে পারেন।

## অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তি ও তাদের পরিবার

এনডিআইএস (NDIS) এর পরিকল্পনার সময় কোনও অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তির চাহিদা, পছন্দ এবং সিদ্ধান্তকে কেন্দ্র করেই করা হয়ে থাকে, কিন্তু পরিবারবর্গের ভুমিকাও এখানে মুখ্য।
এনডিআইএস (NDIS) এর পরিকল্পনার প্রাক্কালে অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তি তার পরিবারের বা সমর্থনকারী কাউকে আমন্ত্রন করতে পারবেন। চলমান সমর্থন দেয়ার জন্য এই ব্যাপারে পরিবারকে কিভাবে সাহায্য করা যেতে পারে এনডিআইএস (NDIS) তা চিন্তা করে দেখবে এবং আপনার পরিকল্পনা করার সময় পরিবারের ভুমিকা বুঝতে চেষ্টা করবে, এর মধ্যে আছে – কি রকমের সহায়তা তারা করবে, তাদের অন্যান্য দায়িত্বগুলি, এবং তাদের জীবনের নিজস্ব লক্ষ্যগুলি। এনডিআইএস (NDIS) ও এটা বোঝে যে অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তিরা তাদের পরিবারের সুচিন্তিত মতামতের সাহায্য চাইতে পারে, এবং তারাও নিজস্ব মতামত, জ্ঞান আর অভিজ্ঞতার মূল্য দিবে।

## যদি আপনার একজন দোভাষীর দরকার পরে

কোনও কিছু বিস্তারিত জানতে বা জিজ্ঞাসা করতে যদি আপনার দোভাষীর প্রয়োজন পরে, TIS এ কল করবেন 131 450 তে আর এনডিআইএস (NDIS) এর সাথে 1800 800 110 সংযোগ করে দিতে বলবেন।

Interpreter

বিস্তারিত জানার জন্য www.ndis.gov.au ওয়েবসাইটে খোঁজ করুন।

.

আম্পারো এড্ভোকেসি (AMPARO Advocacy Inc) কর্তৃক এই তথ্যগুলো প্রকাশিত হয়েছে।

*তথ্যসমূহের প্রকাশকালে অত্যন্ত যত্নসহকারে এর সঠিকতা নিশ্চয়ের চেষ্টা করা হয়েছে, বর্ণিত তথ্যসমূহ সাধারণ দিকনির্দেশনা দেওয়ার জন্য প্রস্তুত করা হয়েছে মাত্র, কিন্তু তথ্যগুলো যথাযথ, হালনাগাদ বা সম্পূর্ণ নাও হতে পারে। ব্যক্তিগত পৃথক পরিস্থিতির ব্যাপারে পরামর্শ বাঞ্ছনীয়।*

প্রকাশের তারিখ – সেপ্টেম্বর ২০১৬ (দ্বিতীয় সংস্করণ)
Date of Publication – September 2016 (Second Edition). Translated – June 2018

AMPARO Advocacy inc

53 Prospect Road, Gaythorne, QLD 405
PO Box 2065, Brookside Centre, QLD 4053
www.amparo.org.au info@amparo.org.au

phone 07 3354 4900
Interpreter Service 131450